# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৫৭

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা মারয়াম

بَابٌ: وَمِنْ سُورَةِ مَرْيَمَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا شَيْبَانُ، عَنْ قَتَادَةَ، فِي قَوْلِهِ : (ورَفَعْنَاهُ مَكَانًا عَلِيًّا ) قَالَ حَدَّثَنَا أَنَسُ بْنُ مَالِكٍ، أَنَّ نَبِيَّ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " لَمَّا عُرِجَ بِي رَأَيْتُ إِدْرِيسَ فِي السَّمَاءِ الرَّابِعَةِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رَوَاهُ سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ وَهَمَّامٌ وَغَيْرُ وَاحِدٍ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ عَنْ مَالِكِ بْنِ صَعْصَعَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم حَدِيثَ الْمِعْرَاجِ بِطُولِهِ وَهَذَا عِنْدَنَا مُخْتَصَرٌ مِنْ ذَاكَ .

বাংলা

৩১৫৭. আহমদ ইবন মানী’ (রহঃ) ...... কাতাদা (রহঃ) থেকে বর্ণিত। তিনি আল্লাহর বাণীঃ (وَرَفَعْنَاهُ مَكَانًا عَلِيًّا) প্রসঙ্গে বলেছেন যে, আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমাকে যখন মি’রাজে নিয়ে যাওয়া হয় তখন চতুর্থ আকাশে ইদরীস (আঃ)-কে আমি দেখেছি।

সহীহ, মুসলিম ১/১০০ দীর্ঘ বর্ণনা, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৫৭ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। এ বিষয়ে আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু সূত্রেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীস বর্ণিত আছে। সাঈদ ইবন আবূ আরূবা, হাম্মাম প্রমুখ (রহঃ) কাতাদা-আনাস ইবন মালিক-মালিক ইবন সা’সাআ রাদিয়াল্লাহু আনহুমা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মি’রাজের সুদীর্ঘ হাদীসটি বর্ণনা করেছেন। এটি আমার কাছে ঐটির সংক্ষিপ্ত অংশ।

## English

Narrated Shaiban:
from Qatadah, that regarding Allah's saying: And we raised him to a high

station (19:57). He said: "Anas bin Malik narrated that Allah's Prophet (ﷺ) said: "When I was brought up, I saw Idris in the Fourth Heaven."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাতাদাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38509

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন